ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০২ সংখ্যা : ০৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ মে-আগস্ট ২০১৯ খ্রি.

## ডিপিডিসি'র বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (জিটুজি) শীর্ষক প্রকল্পের ঋণচুক্তি স্বাক্ষর





ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. (ডিপিডিসি) কর্তৃক চীন সরকারের আর্থিক সহযোগিতায় (জিটুজি) "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের কাজ হাতে নেয়া হয়েছে। গত ১০ অক্টোবর ২০১৬ তারিখ ডিপিডিসি এবং চীন সরকারের মনোনীত ইপিসি ঠিকাদার প্রতিষ্ঠান Tebian Electric Apparatus (TBEA) Co. Ltd. এর মধ্যে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়। গত ৪ জুলাই ২০১৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর চীন সফরকালীন সময়ে উভয় দেশের প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশ ■ বাকি অংশ ২য় পৃষ্ঠায়

## ডিপিডিসি'র কল সেন্টার ১৬১১৬-এর শুভ উদ্বোধন




গত ১৬ মে ২০১৯ তারিখে বিদ্যুৎ ভবনের মুক্তি হলে ডিপিডিসি'র কল সেন্টার-এর শুভ উদ্বোধন করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি। ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে স্বতন্ত্র কল সেন্টার স্থাপন করায় এক ধাপ এগিয়ে গেল ডিপিডিসি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আহমদ কায়কাউস, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, মোহাম্মদ শফিকউল্লাহ, চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ এবং খালেদ মাহমুদ, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। কল সেন্টার-এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত কল সেন্টার চালুর ফলে ডিপিডিসি'র গ্রাহকগণ অনায়াসে খুব সহজেই হটলাইন নম্বর-১৬১১৬-তে কল করে বিদ্যুৎজনিত অনুসন্ধান, সেবা, অভিযোগ/ সমস্যার কথা জানাতে পারবেন এবং বিদ্যুৎ ও গ্রাহক সেবা সংশ্লিষ্ট সকল ধরনের সেবা গ্রহণ করতে পারবেন।

# ডিপিডিসি'র অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে সংঘটিত অগ্নিকাণ্ড এবং এসব অগ্নিকাণ্ডের কারণে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনা ঘটছে। এসব ক্ষয়ক্ষতি রোধকল্পে সংস্থায় নিয়োজিত এমপ্লয়িদেরকে অগ্নিকাণ্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা-কৌশল হাতে-কলমে শিক্ষা দানের জন্য ডিপিডিসি'র আওতাধীন মগবাজার ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্রে গত ২৪ জুন ২০১৯ তারিখে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহায়তায় অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়। নিকটস্থ তেজগাঁও ফায়ার স্টেশন ও বাংলাদেশ ফায়ার সার্ভিসের ৬ সদস্যের একটি চৌকস অগ্নি নির্বাপক দল এবং ডিপিডিসি'র সংশ্লিষ্ট দপ্তরের এমপ্লয়িগণ মহড়ায় অংশ নেন। নির্বাহী পরিচালক (প্রকৌশল) মো. রমিজ উদ্দিন সরকার, নির্বাহী পরিচালক (অপারেশন) এ টি এম হারুন অর রশিদ এবং নির্বাহী পরিচালক (অর্থ) মোঃ গোলাম মোস্তফাসহ ডিপিডিসি'র সকল প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপকগণ এবং বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ মহড়াটি প্রত্যক্ষ করেন। মহড়া শেষে স্টেশন অফিসার জনাব রতন উপস্থিত এমপ্লয়িগণকে অগ্নি নির্বাপনের বিভিন্ন কৌশল সম্পর্কে ব্রিফিং এবং হাতে-কলমে অগ্নি নির্বাপক যন্ত্রের ব্যবহার শিক্ষা দেন।



উল্লেখ্য, গত ৩ এপ্রিল ২০১৯ তারিখে ডিপিডিসি'র ধানমন্ডি ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রে একই ধরনের একটি মহড়া অনুষ্ঠিত হয়।

# ডিপিডিসি'র সাথে মেঘনা ব্যাংক লি. গ্রাহকের অনলাইন বিদ্যুৎ বিল আদায়ের জন্য ইউনিফর্ম চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত

গ্রাহকের বিদ্যুৎ বিল আদায় সহজলভ্য করার লক্ষ্যে বিভিন্ন ব্যাংকের সাথে ডিপিডিসি'র গ্রাহকদের বিদ্যুৎ বিল আদায়ের জন্য ইউনিফর্ম চুক্তি স্বাক্ষর হচ্ছে। তারই ধারাবাহিকতায় গত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ও মেঘনা ব্যাংক লিমিটেডের মধ্যে পোস্ট-পেইড এবং প্রি-পেইড গ্রাহকদের বিদ্যুৎ বিল আদায়ের জন্য ইউনিফর্ম চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এই চুক্তি স্বাক্ষরের ফলে ডিপিডিসি'র গ্রাহকগণ অনলাইনে যে কোনো এলাকার মেঘনা ব্যাংক লিমিটেডের যে কোনো শাখার মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আদিল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, মেঘনা ব্যাংক লিমিটেড। এছাড়াও অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেঘনা ব্যাংক লিমিটেড এবং ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। ডিপিডিসি'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন নির্বাহী পরিচালক (আডমিন এন্ড এইচ আর) ও কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) জয়ন্ত কুমার সিকদার এবং মেঘনা ব্যাংক লিমিটেডের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন আবদুর রহমান, এসইভিপি, হেড অব ব্রাঞ্চেস, মেঘনা ব্যাংক লিমিটেড।




■ ১ম পৃষ্ঠার পর (জিটুজি) শীর্ষক প্রকল্প

সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং চীন সরকারের পক্ষে চীনা এক্সিম ব্যাংকের মধ্যে প্রকল্পের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্পটির আওতায় নতুন ১৪ টি ১৩২/৩৩/১১ কেভি ও ২৬ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ এবং বিদ্যমান ০৮ টি ১৩২/৩৩ কেভি ও ০৪ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা হবে। এর মাধ্যমে ডিপিডিসি'র বিদ্যুৎ বিতরণ ক্ষমতা ১৩২ কেভি লেভেলে ৫৩৩০ এমভিএ ও ৩৩ কেভি লেভেলে ৪৬৮০ এমভিএ বৃদ্ধি পাবে। এছাড়াও ০১ টি অত্যাধুনিক স্ক্যাডা সেন্টার, ০১ টি অত্যাধুনিক ম্যাকানাইজড ওয়্যার হাউজ নির্মাণ করা হবে। ধানমন্ডি এলাকার বিদ্যমান ওভারহেড বিতরণ লাইনকে আন্ডারগ্রাউন্ড বিতরণ নেটওয়ার্কে রূপান্তর করা হবে। হাতিরঝিল এলাকার বিদ্যমান ওভারহেড ট্রান্সমিশন লাইন ও টাওয়ার অপসারণ করে আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপন করা হবে, যার ফলে বিতরণ ব্যবস্থার আধুনিকায়নসহ ঐ এলাকার নান্দনিক সৌন্দর্য বহুলাংশে বৃদ্ধি করবে। অপটিক্যাল ফাইবারসহ ভূ-গর্ভস্থ ক্যাবল নেটওয়ার্ক নির্মাণ করা হবে, যা নির্মিতব্য প্রতিটি উপকেন্দ্রের ডুয়েল সোর্স নিশ্চিত করণের পাশাপাশি ডিপিডিসি এলাকার বিদ্যুৎ ব্যবস্থার নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা আরও নির্ভরযোগ্য, আধুনিকায়নসহ প্রকল্পের আওতায় অত্যাধুনিক সাব-স্টেশন কাম অফিসিয়াল/বাণিজ্যিক/ আবাসিক সুউচ্চ ভবন নির্মাণ করা হবে। সরকারের ভিশন ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে প্রকল্পটির প্রাথমিক ডিজাইন ও পরিকল্পনার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে এবং মাঠ পর্যায়ের বাস্তব কাজ শীঘ্রই শুরু হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ডিপিডিসি এলাকায় নিরবচ্ছিন্ন, মানসম্মত এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা যাবে। বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে এবং জীবন যাপনের মানোন্নয়নে রাজধানী ঢাকা ও নারায়নগঞ্জ এলাকায় একটি শক্তিশালী বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে এই মেগা প্রকল্প অগ্রণী ভূমিকা রাখবে।

# মেধাবী মুখ

## ২০১৯ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ডিপিডিসি'র এমপ্লয়িগণের সন্তানদের সাফল্য।



**আফরিন আউয়াল,** হলিক্রস কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র এনওসিএস, রাজারবাগ, দপ্তরে কর্মরত সুইচ বোর্ড অ্যাটেনডেন্ট মো. আবদুল আউয়াল, কার্যকরী সভাপতি (সিবিএ)-এর কন্যা।



**ফারাহ্ দিবা,** সিদ্ধেশ্বরী উচ্চ বালিকা বিদ্যালয় থেকে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী, এনওসিএস সেন্ট্রাল দপ্তরে কর্মরত ম্যানেজার ফিন্যান্স মো. ফারুক সিদ্দিক-এর কন্যা।



**সামিহা আজম,** ফেনী গার্লস ক্যাডেট কলেজ থেকে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র এনওসিএস সার্কেল কাজলা এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. কামরুল আজম-এর কন্যা।



**রিফা তাসমিয়া আনুশা,** স্কলাস্টিকা ইংলিশ মিডিয়াম থেকে জিসিই (ও লেভেল, ক্যামব্রিজ) জিপিএ ৫.০০ (Grade A/A*) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র ডিজিএম (ইআরএনডি) দপ্তরে ম্যানেজার (এইচআর) পদে কর্মরত শারমীন রহমান-এর কন্যা।



**উম্মুল ওয়ারা জিনাতুন্নেছা,** হলিক্রস কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস বাংলাবাজার দপ্তরে কর্মরত অফিস এসিস্ট্যান্ট কাম কম্পিউটার অপারেটর মোহাম্মদ শামীম-এর কন্যা।



**আদিবা রাইসা তাহিয়া,** অগ্রণী গার্লস স্কুল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাবাজার মো: শাহজাহান আলী-এর কন্যা।



**সুমাইয়া ইসলাম অর্পিতা,** শহীদ পুলিশ স্মৃতি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা দপ্তরে কর্মরত এসবিএ শফিকুল ইসলাম-এর কন্যা।



**উম্মে খাদিজা নিসা,** রাজউক উত্তরা মডেল কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পরিবাগ দপ্তরে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী মো. নূরুল ইসলাম-এর কন্যা।



**নুসরাত জাহান শিফা,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পরিবাগ দপ্তরে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী মো. নূরুল ইসলাম-এর কন্যা।



**নাসিফ ফয়সাল,** বীরশ্রেষ্ঠ নূর মোহম্মদ পাবলিক কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জিগাতলা মো. মোজাফফর হোসেন-এর পুত্র।



**ইবনে সিনা তানভির,** ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র চিফ মেডিকেল অফিসার দপ্তরে কর্মরত মেডিকেল এসিসট্যান্ট এ বি এম নূর উদ্দীন-এর পুত্র।



**সাদিক আলম জিসান,** রাজউক উত্তরা মডেল কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সার্কেল, নারিন্দা মো. জাহাঙ্গীর আলম-এর পুত্র।



**মো. মাহিম হাওলাদার,** রাজউক উত্তরা মডেল কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস তেজগাঁও দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী আবদুল মতিন হাওলাদার -এর পুত্র।



**ফারিবা তাবাস্সুম দোলা,** রাজউক উত্তরা মডেল কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সাতমসজিদ মুহাম্মদ রফিকুল ইসলাম-এর কন্যা।



**নোশিন নাওয়ার,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র ডিজিএম গভর্ণমেন্ট এন্ড রেভিনিউ অডিট, দপ্তরে কর্মরত ডিজিএম (ফিন্যান্স), অতিরিক্ত দায়িত্ব মো. কামাল হায়দার-এর কন্যা।



**নিশাত নাওয়াল,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র ডিজিএম গভর্ণমেন্ট এন্ড রেভিনিউ অডিট, দপ্তরে কর্মরত ডিজিএম (ফিন্যান্স), অতিরিক্ত দায়িত্ব মো. কামাল হায়দার-এর কন্যা।



**সামিয়া সারোয়ার প্রোগা,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস সাতমসজিদ দপ্তরে কর্মরত এসিস্ট্যান্ট একাউনট্যান্ট এ. কে. এম সারোয়ার-এর কন্যা।



**ইশরাত জাহান মিম,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস সাতমসজিদ দপ্তরে কর্মরত মিটার রিডার মো. মোশারফ হোসেন-এর কন্যা।



**শাহ্ মুহাম্মদ আকিব মাহাদী,** হাজী নূর উদ্দিন আহম্মদ উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ডেমরা দপ্তরে কর্মরত অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর মো. ফজলুল হক শাহ্-এর পুত্র।



**মোছা. কানিজ তাসনোভা রহমান নিশাত,** বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ পাবলিক কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস কামরাঙ্গীরচর দপ্তরে কর্মরত মোছা. লাইলী খাতুন -এর কন্যা।



**ইমতিয়াজ হোসেন রাহাত,** ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস খিলগাঁও দপ্তরে কর্মরত সহকারী হিসাব রক্ষক মো. ইসমাইল হোসেন-এর পুত্র।



**হৃদয় কুণ্ডু,** নটরডেম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস শ্যামলী দপ্তরে কর্মরত সহকারী প্রকৌশলী গণপতি কুণ্ডু-এর পুত্র।



**নাবিয়া নাহিন আরিফা,** ফেনি গার্লস ক্যাডেট কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস রাজারবাগ দপ্তরে কর্মরত সহকারী প্রকৌশলী আরিফ হোসেন-এর কন্যা।






# ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

এপ্রিল-২০১৯ থেকে জুন-২০১৯পর্যন্ত

| | এপ্রিল-২০১৯ থেকে জুন-২০১৯পর্যন্ত |
|---|---|
| **অভিযান সংখ্যা** | ৫৫টি |
| **সংযোগ বিচ্ছিন্ন** | ১১২টি |
| **উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি** | ১১.৬৭ লক্ষ ইউনিট |
| **ধার্যকৃত পেনাল বিল** | ৩ কোটি ৪৩ লক্ষ টাকা |
| **আদায়কৃত পেনাল বিল** | ৫ কোটি ২২ লক্ষ টাকা |
| **আদায়কৃত বকেয়া অর্থ** | ৩০.৫ কোটি টাকা |
| **মালামাল জব্দ** | ৬৬টি বৈদুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার |

**এপ্রিল-২০১৯ থেকে জুন-২০১৯ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য**

- স্বামীবাগ দপ্তরের শহিদুল ইসলাম মিঠু'র বাণিজ্যিক স্থাপনায় ২০ লক্ষ টাকার পেনাল বিল।
- মানিকনগর দপ্তরের 'শাহিন মিয়া'র আবাসিক স্থাপনায় ১৫.৮৮ লক্ষ টাকার পেনাল বিল।
- কাকরাইল দপ্তরের গণপূর্ত বিভাগের ৩টি ঠিকাদার কোম্পানিকে মোট ৭২.৯২ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের 'কাজী টেডার্স এন্ড ফুড বেভারেজ'-এর পানি প্রক্রিয়াজাত করণের কারখানায় ৩২.৯৭ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের ৩টি আবাসিক স্থাপনায় মোট ৩৭.৯৫ লক্ষ টাকার পেনাল বিল।
- পোস্তগোলা দপ্তরের 'মেসার্স ফারজানা ইউনিক এন্ড মেটাল ওয়ার্কস' এর কারখানায় ১৪.৮২ লক্ষ টাকার পেনাল বিল।
- জুরাইন দপ্তরের 'মেসার্স ভাই ভাই এন্ড প্রিন্টিং ওয়ার্কস' এর রাবারের কারখানায় ৪৬.১২ লক্ষ টাকার পেনাল বিল।

এছাড়াও উল্লেখিত সময়ে বিদ্যুৎ চুরির দায়ে বিদ্যুৎ আইন-২০১৮ এর ধারা ৪৮ অনুযায়ী নিম্নে উল্লেখিত ১০ জন গ্রাহকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

- স্বামীবাগ দপ্তরের গ্রাহক শহিদুল ইসলাম মিঠু (বাচ্চু মিয়া)
- নারায়ণগঞ্জ (পশ্চিম) দপ্তরের গ্রাহক মো: জামাল হোসেইন
- বনশ্রী দপ্তরের গ্রাহক কোহিনুর আক্তার
- শীতলক্ষ্যা দপ্তরের গ্রাহক মো: আশরাফউজ্জামান
- আজিমপুর দপ্তরের ৪ জন গ্রাহক হাসান বানু (মোবারক হোসেন), আবুল বাশার, বশির উদ্দিন এবং সালাউদ্দিন
- কামরাঙ্গীরচর দপ্তরের গ্রাহক মো: আয়ুব আলী শেখ
- আদাবর দপ্তরের গ্রাহক কাজী ট্রেডার্স এন্ড ফুড বেভারেজ
- জুরাইন দপ্তরের গ্রাহক মেসার্স ভাই ভাই এন্ড প্রিন্টিং ওয়ার্কস

# জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০১৯ উপলক্ষে আলোচনা সভা

ডিপিডিসি'র সম্মেলন কক্ষে ডিপিডিসিতে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীদের কর্মজীবনে পেশাগত স্বাস্থ্য সম্পর্কে জনসচেতনতা গড়ার লক্ষ্যে গত ২৯ এপ্রিল ২০১৯ তারিখে 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০১৯' উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক পেশাগত স্বাস্থ্য সম্পর্কে বিভিন্ন দিক-নির্দেশনামূলক বক্তব্য তুলে ধরেন।



# এনওসিএস মগবাজার এলাকার টিএন্ডটি বস্তিতে নিম্ন আয়ের জনগোষ্ঠীকে তাৎক্ষণিক বিদ্যুৎ সংযোগ প্রদান





বিদ্যুৎ উৎপাদন সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা নিশ্চিত করে ২০২১ সালের মধ্যে দেশে শতভাগ মানুষকে বিদ্যুৎ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর উদ্ভাবনী উদ্যোগ 'ঘরে ঘরে বিদ্যুৎ' কর্মসূচির আওতায় সকল স্তরের জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেয়ার জন্য সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে অন্যান্য গ্রাহকদের পাশাপাশি ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ডিপিডিসি'র আওতাধীন এনওসিএস মগবাজার এলাকার টিএন্ডটি বস্তিতে নিম্ন আয়ের জনগোষ্ঠীকে তাৎক্ষণিক নতুন বিদ্যুৎ সংযোগের কার্যক্রম সংক্রান্ত এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী বীর বিক্রম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (অপারেশন) এ টি এম হারুন অর রশিদসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে তাৎক্ষণিক ৩৫টি নতুন সংযোগের ডিমান্ডনোট ইস্যু করা হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে বাকি সকলকে এভাবে নতুন সংযোগ প্রদান করা হবে। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, এ কার্যক্রম চলমান থাকবে। ভবিষ্যতে ডিপিডিসি'র আওতাধীন সকল বস্তি এলাকায় বিদ্যুতের সংযোগ প্রদানসহ নিরবচ্ছিন্নভাবে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা হবে। নিম্ন আয়ের জনগোষ্ঠীকে সহজে বিদ্যুৎ সুবিধা প্রদানের মাধ্যমে তাদের জীবন যাত্রার মান বৃদ্ধিসহ মৌলিক অধিকার পূরণে সহায়তা করা হবে।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত




মন্ত্রণালয়/ বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে– ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব এর মধ্যে গত ২৩ জুন ২০১৯ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। তারই ধারাবাহিকতায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচ আর)/ অপারেশনস/ প্রকৌশল/ফিন্যান্স, কোম্পানি সচিব এবং জেনারেল ম্যানেজার (অডিট) এর সাথে গত ২০ জুন ২০১৯ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। পর্যায়ক্রমে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচ আর)/ অপারেশনস/ প্রকৌশল/ফিন্যান্স এর সাথে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, মহাব্যবস্থাপক এবং দপ্তর প্রধানদের মধ্যে ২৪ জুলাই ২০১৯ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ২০১৯-২০ অর্থ বছরের জন্য অনেকগুলো লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা গুলো হলো : সিস্টেম লস হ্রাস, আদায় বৃদ্ধি, দায় পরিশোধ, প্রতিযোগিতামূলক ক্রয়, নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ এবং গ্রাহকসেবা নিশ্চিত করা, এডিপি বাস্তবায়ন, জিআইএস ম্যাপিং, নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান, প্রিপেইড মিটার স্থাপন, নেট মিটার স্থাপন, দপ্তর সংস্থায় ই-ফাইলিং ও ডিজিটাল সেবা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, তথ্য বাতায়ন হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি ইত্যাদি।

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.org.bd

# ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের গণশুনানীর খবর



**এনওসিএস আজিমপুর** গত ৯ এপ্রিল ২০১৯ তারিখে এনওসিএস আজিমপুর, ডিপিডিসি দপ্তরে গণশুনানী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্মানিত গ্রাহকগণের উপস্থিতিতে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর) ও মোঃ বেলায়েত হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস আজিমপুর সার্কেল। বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোঃ হুমায়ুন কবির, কাউন্সিলর, ২৩ নং ওয়ার্ড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর, ডিপিডিসি। উপস্থিত গ্রাহকগণ অত্র দপ্তরের কার্যক্রম ও গ্রাহক সেবা নিয়ে নিজ নিজ মতামত ও পরামর্শ প্রদান করেন। নির্বাহী প্রকৌশলী গ্রাহকগণের বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান করেন। ডিপিডিসি কর্তৃক কেন্দ্রীয়ভাবে অত্র দপ্তরের ২জন গ্রাহককে পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানের এক পর্যায়ে উক্ত পুরস্কার সংশ্লিষ্ট গ্রাহকগণের হাতে তুলে দেয়া হয়। ডিপিডিসি'র বর্তমান গ্রাহক সেবা পরিস্থিতি নিয়ে সম্মানিত গ্রাহকগণ সন্তোষ প্রকাশ করেন।




**এনওসিএস মুগদাপাড়া** গত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে ডিপিডিসি'র এনওসিএস মুগদাপাড়া কর্তৃক সম্মানিত বিদ্যুৎ গ্রাহকদের অংশগ্রহণে গণশুনানী অনুষ্ঠিত হয়। সভাপতি সূচনা বক্তব্যে অত্র দপ্তরের কারিগরী ও বাণিজ্যিক কার্যক্রম সমূহ, অনলাইন সেবা, নতুন সংযোগ এবং বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষে ২৪ ঘন্টা সেবা সহ সার্বিক কার্যাদি সম্পর্কে সম্মানিত গ্রাহকগণকে অবহিত করেন। এছাড়াও সঠিকভাবে বিল করার বিষয়েও তাঁরা বক্তব্য উপস্থাপন করেন। পরবর্তীতে স্থানীয় রাজনৈতিক ব্যক্তিত্ব সবুজবাগ থানার আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক লায়ন চিত্ত রঞ্জন দাস সহ অন্যান্য ব্যক্তিবর্গ অত্র দপ্তরের বিদ্যুৎ সরবরাহের কাজে সন্তোষ প্রকাশ করেন এবং নতুন সংযোগ, বিদ্যুৎ বিলের সমস্যা ইত্যাদি বিষয়ে গ্রাহক যেন হয়রানি না হয় তারও পরামর্শ দেন। পরিশেষে নির্বাহী প্রকৌশলী মোঃ আহসান-উল-ইসলাম সরকার, এনওসিএস, মুগদাপাড়া দপ্তরের গ্রাহকের নতুন সংযোগের বিষয়ে বক্তব্য প্রদান করেন এবং সভায় উপস্থিত গ্রাহকগণের বিভিন্ন প্রশ্নের উত্তর পর্বে অংশ নেন। প্রধান অতিথি জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী এনওসিএস (সেন্ট্রাল) ডিপিডিসি তার বক্তব্যে বিভিন্ন সমস্যার সমাধান, অন-লাইনে নতুন সংযোগ প্রদান ও সেবা সহজলভ্য করার নিমিত্তে দিকনির্দেশনামূলক ও জ্ঞানগর্ভ বক্তব্য প্রদান করেন।



**এনওসিএস নারায়ণগঞ্জ (পশ্চিম)** গত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী মোঃ আনিছুর রহমান-এর সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস নারায়ণগঞ্জ (পশ্চিম) এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস (সাউথ) এর প্রধান প্রকৌশলী মোঃ দেওয়ান আবুল কালাম আজাদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস সার্কেল নারায়ণগঞ্জ তত্ত্বাবধায়ক প্রকৌশলী সালেক মাহমুদ।



**এনওসিএস শ্যামলী** গত ২৯ এপ্রিল ২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী মোঃ হেলাল উদ্দিনের সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস শ্যামলী এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী সৈয়দ আশরাফ আলী, এনওসিএস (উত্তর)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস সার্কেল শ্যামলী এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মমিন আব্দুল মালেক।




**এনওসিএস বাংলাবাজার** গত ২৯ এপ্রিল ২০১৯ তারিখে মোহাম্মদ কামরুজ্জামান শামীম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, বাংলাবাজার, ডিপিডিসি এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী, এনওসিএস, সেন্ট্রাল, ডিপিডিসি। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহজাহান আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সার্কেল, বাংলাবাজার, ডিপিডিসি।

# ঢাকা মেডিকেল কলেজ ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্রের কমিশনিং সম্পন্ন





ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান গত ১৭ জুলাই ২০১৯ তারিখে ঢাকা মেডিকেল কলেজ ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্রের সফল Testing & Commissioning সম্পন্ন করার পর তা চালু করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (অর্থ) মোঃ গোলাম মোস্তফা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক (প্রকৌশল) মো. রমিজ উদ্দিন সরকার। অনুষ্ঠানে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



# ডিপিডিসি'র সাথে ইঞ্জিনিয়ারিং কনসালটিং TEPSCO এর চুক্তি স্বাক্ষর

ঢাকা আন্ডারগ্রাউন্ড সাবস্টেশন কনস্ট্রাকশন প্রজেক্ট এট কাওরানবাজার আন্ডার ডিপিডিসি প্রকল্পের ইঞ্জিনিয়ারিং কনসালটিং সার্ভিস (ডিজাইন এন্ড সুপারভিশন) এর জন্য গত ২৫ মার্চ ২০১৯ তারিখে আন্তর্জাতিক পরামর্শ প্রতিষ্ঠান JV of Tokyo Electric Power Services Co. Ltd. (TEPSCO) Power Grid, Inc. (TEPCO PG), Japan এবং ডিপিডিসি'র মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির আওতায় ডিপিডিসি'র প্রকল্পের সার্বিক তত্ত্বাবধান করবে এই পরামর্শক প্রতিষ্ঠান। উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে ডিপিডিসি'র পক্ষ থেকে কোম্পানি সচিব জয়ন্ত কুমার সিকদার এবং টোকিও ইলেক্ট্রনিক পাওয়ার সার্ভিসেস লি. এর পক্ষে ডাইরেক্টর, ম্যানেজিং এক্সিকিউটিভ অফিসার (ইন্টারন্যাশনাল বিজনেস ইউনিট) হিরোশি কুবোতা স্বাক্ষর করেন। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (প্রকৌশল) মো. রমিজ উদ্দিন সরকার, নির্বাহী পরিচালক (অপারেশন) এ টি এম হারুন অর রশিদ এবং নির্বাহী পরিচালক (অর্থ) গোলাম মোস্তফাসহ ডিপিডিসি'র সকল পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকীতে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানসহ উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীদের শ্রদ্ধাঞ্জলি।






১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকীতে ডিপিডিসি'র আলোচনা সভা ও দোয়া মাহফিল।

# গ্রীন রোডে ৩০ কোটি টাকা ব্যয়ে জিআইএস উপকেন্দ্র চালু





গত ২৩ জুলাই ২০১৯ তারিখে রাজধানীর ধানমন্ডি, কলাবাগান, ভূতের গলি, পান্থপথ ও সেন্ট্রাল রোডে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দেয়ার জন্য ৩০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ৭০ এমভিএ ক্ষমতা সম্পন্ন গ্রীন রোড ডরমেটরি ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্র চালু করা হয়েছে। ভারতের লার্সেন এন্ড তুবরো লিমিটেড এই উপকেন্দ্রটি নির্মাণ করেন। এই উপকেন্দ্র চালু হওয়ায় ডিপিডিসি'র উল্লেখিত এলাকায় বর্ধিত গ্রাহকের বিদ্যুৎ চাহিদা মেটানো এবং সঞ্চালন ও উপ-সঞ্চালন লাইন নির্মাণ করে বিভিন্ন উপকেন্দ্রের সংযোগ ঘটানো হয়েছে। পাশাপাশি সিস্টেম ভোল্টেজ ও সিস্টেম সক্ষমতার উন্নয়ন ঘটিয়ে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়েছে। গ্রীনরোডে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (অপারেশন) প্রকৌশলী এ টি এম হারুন অর রশিদ, নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মো. রমিজ উদ্দিন সরকারসহ ডিপিডিসির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এমপি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক-নির্দেশনায় দেশ এগিয়ে যাচ্ছে। এই উপকেন্দ্রটি চালু হওয়ার ফলে সংশ্লিষ্ট এলাকাগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে আর কোন বাধা থাকল না। অনুষ্ঠানে ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান বলেন, আমরা দ্রুততম সময়ের মধ্যেই উপকেন্দ্রটি চালু করতে সক্ষম হয়েছি। আমি বিশ্বাস করি এই উপকেন্দ্রটি চালু হওয়ায় সিস্টেম সক্ষমতার উন্নয়ন ঘটিয়ে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে।

# ১০ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স

গত ২১ জুলাই ২০১৯ খ্রি. তারিখে ডিপিডিসি'র ট্রেনিং সেন্টারে সম্প্রতি নিযুক্ত ২ জন এ্যাসিসটেন্ট ম্যানেজার (এইচ আর), ৪ জন সহকারী প্রকৌশলী ও ৪১ জন উপ-সহকারী প্রকৌশলীদের জন্য ১০ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স শুরু হয়। ট্রেনিং কোর্সের উদ্বোধন করেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব, ড. আহমদ কায়কাউস। ডিপিডিসি প্রশিক্ষণ কেন্দ্রের সেমিনার কক্ষে আয়োজিত এ উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিপিডিসি পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব মোহাম্মদ শফিকউল্লাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। স্বাগত বক্তব্য রাখেন কোর্স পরিচালক মো. মাহবুবুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন। উল্লেখ্য উক্ত প্রশিক্ষণ কোর্স আগামী ১৯ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত পরিচালিত হবে।



সম্পাদক : **শামীমুল হক শামীম,** উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
সহ-সম্পাদক : **মো. রতন,** জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : **কে এম দুলাল**। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯
Website: www.dpdc.org.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত